

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
(www.rdcd.gov.bd)

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৩১.০৭.২২১.১৮ (অংশ-১)- ১৭৪


১১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: -----
২৮ মার্চ ২০২৪ খ্রি.

কোটেশন আহবান

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের দাপ্তরিক কাজে আসবাবপত্র ব্যবহারের লক্ষ্যে প্রকৃত সরবরাহকারীর নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগামী ২৮.০৩.২০২৪ তারিখ সকাল: ১২.০০ ঘটিকা সময়ের মধ্যে অত্র বিভাগের অফিস থেকে কোটেশনের সিডিউল সংগ্রহ করা যাবে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ৩১.০৩.২০২৪ তারিখ বেলা: ১২.০০ ঘটিকার মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে রক্ষিত বাঞ্চে (কক্ষ নং-৬২১, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কোটেশন দাখিল করতে হবে। কোটেশন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে জানা যাবে।

শর্তাবলীঃ

- ১। কোটেশন আগামী ৩১.০৩.২০২৪ তারিখ বেলা: ১২.০০ ঘটিকার মধ্যে কক্ষ নং-৬২১ এ রক্ষিত বাঞ্চে জমা দিতে হবে।
- ২। আগামী ৩১.০৩.২০২৪ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কক্ষ নং-৬২১ এ কোটেশন দাখিলকারী বা তাঁর মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি থাকেন) কোটেশনসমূহ খোলা হবে। কোন কারণে উক্ত তারিখে কোটেশন উন্মুক্ত করা সম্ভব না হলে পরবর্তীতে যেকোন কার্যদিবসে কোটেশনসমূহ খোলা হবে।
- ৩। কোটেশনের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন ও ভ্যাট সনদ এর সত্যায়িত কপি সংযোজন করতে হবে;
- ৪। মালামাল গ্রহণকারীর বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট/আইটি কর্তন করা হবে;
- ৫। কোটেশনে বর্ণিত অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে;
- ৬। দাখিলকৃত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কোটেশন মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে;
- ৭। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সিডিউল মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। যে কোন কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মোঃ আব্দুস সামাদ প্রধান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭০
(e-mail: admin1.section@rdcd.gov.bd)

বিতরণ:

- ১। নোটিশ বোর্ড, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ২। নোটিশ বোর্ড, ০৬/৭ নং ভবনের নীচ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, ২ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। নোটিশ বোর্ড, ঢাকা জিপিও, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।

অনুলিপি:

- ১। উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ৩। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। {বিজ্ঞপ্তি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ}
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়ে ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।